



নেইমারের হাতে বাংলাদেশের জার্সি, ব্রাজিলে ভিন্ন এক মুহূর্ত



নেইমারের হাতে বাংলাদেশের জার্সি উপহার। ছবি: সংগৃহীত

বাংলাদেশে ব্রাজিল ও নেইমারের জনপ্রিয়তা নতুন কিছু নয়। সেই জনপ্রিয়তারই এক প্রতীকী দৃশ্য দেখা গেল এবার ব্রাজিলে—নেইমারের হাতে তুলে দেওয়া হলো বাংলাদেশ জাতীয় ফুটবল দলের জার্সি।

শনিবার ক্লাব অনুশীলনের সময় প্রবাসী বাংলাদেশি শাহনূর রোমেন সরাসরি তার হাতে জার্সিটি তুলে দেন। দীর্ঘদিন ধরে ব্রাজিলে বসবাস করা রোমেন পেশায় ফটোসাংবাদিক, বিশেষ করে ক্রীড়া অঙ্গনেই কাজ করেন তিনি। সান্তোসের অনুশীলন মাঠে মিডিয়া সেশনের সুযোগে তিনি এই উদ্যোগ নেন।

অনেক বছর দেশে না ফিরলেও বাংলাদেশের প্রতি টান থেকেই এই আয়োজন করেন রোমেন। আরেক প্রবাসী ক্রীড়াপ্রেমীর সহায়তায় জার্সিটি সংগ্রহ করে তিনি নেইমারের কাছে পৌঁছে দেন।

বিশ্বকাপ এলেই বাংলাদেশে ফুটবল উন্মাদনা বিশ্বজুড়ে নজর কাড়ে। সেই প্রেক্ষাপটে বাংলাদেশ সম্পর্কে নেইমারেরও কিছুটা ধারণা রয়েছে। রোমেন জানান, বাংলাদেশের জার্সি পেয়ে নেইমার আনন্দ প্রকাশ করেন এবং তিনি অবগত যে এ দেশে তার ও ব্রাজিল দলের বিপুল সমর্থক রয়েছে।